



ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩

গেন্ডা, সাভার, ঢাকা।

নম্বর ২৭.১২.২৬৭২.৫৭১.০১.০৫০.২০.৮৮২

তারিখ: ১ শ্রাবণ ১৪২৭

১৬ জুলাই ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়: বিষয়ঃ ঢাকা পবিস-৩ এর জীপগাড়ী নং-ঘ-১৩-৫৬৬২ এবং পিকআপ গাড়ী নং-ঠ-১১-০০২৪ এর জন্য টায়ার- টিউব ক্রয়/সরবরাহের দরপত্র (RFQ) আহ্বান প্রসঙ্গে।

RFQ No-02/2020-21

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর জীপগাড়ী নং-ঘ-১৩-৫৬৬২ এবং পিকআপ গাড়ী নং-ঠ-১১-০০২৪ এর চাকার টায়ার-টিউব/সরবরাহের লক্ষ্যে প্রকৃত প্রস্তুতকারী/বিক্রয়কারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে বর্ণিত শর্তসাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র (RFQ) আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ (টি)	একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
০১	টায়ার-টিউব: (টিউবলেস) টায়ার সাইজ-265/70-R16, অরিজিনঃ জাপান	০৫টি		
০২	টায়ার-টিউব: (টিউবলেস) টায়ার সাইজ-275/70-R16, অরিজিনঃ জাপান	০৫টি		

শর্তাবলীঃ

০১। আগামী ২৩/০৭/২০২০ খ্রিঃ তারিখ দুপুর ১১:০০ ঘটিকার মধ্যে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, জোয়ার সাহারা, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গেন্ডা, সাভার এই ঠিকানায় রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে হবে। দাখিলকৃত দরপত্র স্ব স্ব স্থানে একই দিন অর্থাৎ ২৩/০৭/২০২০ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০২। দরপত্র খামের উপর “টায়ার-টিউব ক্রয়/সরবরাহ” বিষয়টি স্পষ্টাক্ষরে লিখতে হবে।

০৩। দুই বা ততোধিক প্রতিষ্ঠানের দাখিলকৃত দর সমদর হলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (২০০৮) এর ৯৮ অনুচ্ছেদের ৩১ ও ৩২ ধারা অনুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে।

০৪। দরপত্রের সাথে দরদাতা প্রতিষ্ঠানের যোগ্যতার সমর্থনে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN) ও ভ্যাট নিবন্ধন এর ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৫। কার্যাদেশ প্রাপ্তির অ নধিক ০৭(সাত) দিনের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে বিলম্ব মাশুল কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।

০৬। ঢাকা পবিস-৩ এর কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা রাখেন।

০৭। কার্যাদেশ প্রদানের সময় ঢাকা পবিস-৩ কর্তৃপক্ষ মালামালের পরিমাণ হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।

০৮। দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখিত নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৬-৭-২০২০

মোঃ হারুন

সিনিয়র জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)

৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা

৪) পুলিশ সুপার, ঢাকা।

৫) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস

৬) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাভার, ঢাকা

৭) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ঢাকা (উত্তর), বাপবিবো, সাভার

৮) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, ঢাকা

৯) মেয়র, সাভার পৌরসভা, সাভার, ঢাকা।

১০) সকল জোনাল অফিস ও সাব-জোনাল অফিস

১১) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩

১২) এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩

১৩) মেসার্স-----, -----।

১৪) নোটিশ বোর্ড/ওয়েব সাইট, ঢাকা পবিস-৩।